



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রতিদিন একবার হলেও আপনার
প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাসায় বা কর্মসূচি
(www.bteb.gov.bd)
ভিজিট করুন।

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৭-১৪৮

তারিখঃ ২৪-১০-২০১৭ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ পাঠদানকারী শিক্ষকদের নাম অনলাইনে এন্ট্রিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি-বেসরকারি পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউট/ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজির অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, চলতি ৫ম, ৭ম পর্বসমূহে পাঠদানকারী সকল শিক্ষকদের তথ্য অত্র বোর্ডের Website -এ আগামী ২৬-১০-২০১৭ খ্রিঃ হতে ১৬-১১-২০১৭ খ্রিঃ পর্যন্ত Online -এ এন্ট্রি করার জন্য বলা হলো। প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকদের (পূর্বে এন্ট্রি থাকলেও) তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) “শিক্ষকদের তথ্য” লিংকের “ডিপ্লোমা লেভেল” সাবলিংকে নিজ প্রতিষ্ঠান কোড ও Password ব্যবহার করে ফরম্যাট অনুযায়ী এন্ট্রি করতে হবে। এন্ট্রিযোগ্য শিক্ষকদের নিজ নামে সোনালী ব্যাংকে অনলাইন হিসাব নম্বর ও সঠিক মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে। পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কাজ যেমন, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র মূল্যায়ন, উত্তরপত্র নিরীক্ষণ ও প্রধান পরীক্ষণ ইত্যাদি কাজে এ তথ্য ব্যবহার করা হবে। কোনক্রমেই অন্যের নামের ব্যাংক একাউন্ট নম্বর ও মোবাইল নম্বর এন্ট্রি করা যাবে না। উল্লেখ্য, এন্ট্রির সময় প্রতিষ্ঠানে কর্মরত অভিজ্ঞ শিক্ষকদের নাম যাতে বাদ না পরে সেদিকে বিশেষ নজর দেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানানো হলো।

এছাড়া, ডিপ্লোমা ইন টুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ৩য় পর্বে পাঠদানকারী শিক্ষকদের নামও অনলাইনে এন্ট্রি করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৭-১৪৮

তারিখঃ ২৪-১০-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/প্রকল্প পরিচালক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক, সংশ্লিষ্ট সকল পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউট/ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(নোটিশটি Website -এ প্রকাশ এবং স্ক্রোল বারে প্রদর্শনসহ নির্দিষ্ট তারিখের মধ্যে Online -এ শিক্ষকদের তথ্য সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণের অনুরোধে)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোনঃ ০২-৯১১৮৭৭৬